

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়  
গণগ্রন্থাগার অধিদপ্তর  
শাহবাগ, ঢাকা-১০০০।

www.publiclibrary.gov.bd, Fax: 58611775

নং-৪৩.২৬.০০০০.০০২.২৩.১৪৯.০৯.(অংশ-১). ২৬৫

তারিখ: ২৬/১২/২০২১

**শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০২২ উপলক্ষে রচনা প্রতিযোগিতা।**

‘শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০২২’ উদযাপন উপলক্ষে গণগ্রন্থাগার অধিদপ্তরের সুফিয়া কামাল জাতীয় গণগ্রন্থাগার, ঢাকা এবং বিভাগীয়, জেলা ও উপজেলা সরকারি গণগ্রন্থাগারসমূহে নিম্নোক্ত বিষয়ে রচনা প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। এ উপলক্ষে আগ্রহী সকলকে যোগ্যতা অনুযায়ী প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য আহ্বান জানানো যাচ্ছে।


**রচনা প্রতিযোগিতা:**

ক্রমিক নম্বর	গ্রুপ	শ্রেণি	রচনা প্রতিযোগিতার বিষয়	শব্দসীমা
১.	ক	পঞ্চম-অষ্টম	আন্তর্জাতিক মাতৃভাষা দিবস	১০০০
২.	খ	নবম-দ্বাদশ	সর্বস্তরে মাতৃভাষার প্রচলন	১২০০
৩.	গ	স্নাতক-স্নাতকোত্তর	অনুবাদ সাহিত্যে বাংলা ভাষা	১৫০০
৪.	ঘ	সর্বসাধারণ	বাংলা ভাষা প্রতিষ্ঠায় ভাষা শহিদদের অবদান	১৮০০
৫.	ঙ	বিশেষ (প্রতিবন্ধী)	বাংলা ভাষা প্রতিষ্ঠায় জাতির পিতার অবদান	১০০০

**রচনা প্রতিযোগিতা বিষয়ে জ্ঞাতব্য:** রচনা প্রতিযোগিতায় ঢাকা মহানগর ও ঢাকা জেলার প্রতিযোগীকে স্বহস্তে লিখিত রচনা সুফিয়া কামাল জাতীয় গণগ্রন্থাগার, ১০, কাজী নজরুল ইসলাম এডিনিউ, শাহবাগ, ঢাকায় এবং অন্যান্য বিভাগ, জেলা ও উপজেলার প্রতিযোগীকে সংশ্লিষ্ট বিভাগীয়, জেলা ও উপজেলা (কেবলমাত্র দেওয়ানগঞ্জ ও বকশীগঞ্জ উপজেলা, জেলা-জামালপুর এবং টুঙ্গিপাড়া উপজেলা, জেলা-গোপালগঞ্জ) সরকারি গণগ্রন্থাগারে জমা দিতে হবে। রচনা ১৫.০২.২০২২ খ্রি. তারিখের মধ্যে ডাকযোগে/ সরাসরি পৌঁছাতে হবে।

**শর্তাবলি :**

১. রচনা A4 আকারের সাদা কাগজে স্বহস্তে প্রতি পাতার একদিকে লিখতে হবে, রচনার শব্দসংখ্যা নির্ধারিত সীমার মধ্যে থাকা আবশ্যিক।
২. ছাত্রছাত্রীদের ক্ষেত্রে স্টুডেন্ট আইডি কার্ড/ স্ব স্ব শিক্ষা প্রতিষ্ঠান প্রধান কর্তৃক প্রত্যয়নপত্র এবং অন্যান্য প্রতিযোগীর ক্ষেত্রে জাতীয় পরিচয়পত্রের ফটোকপি অথবা প্রথম শ্রেণির কর্মকর্তা কর্তৃক প্রত্যয়নসহ রচনা জমা দিতে হবে।
৩. রচনায় অবশ্যই জমাদানকারীর নাম, পিতা ও মাতার নাম, ঠিকানা, স্টুডেন্ট আইডি কার্ড এবং মোবাইল নম্বর উল্লেখ করতে হবে।



(মো: আবুবকর সিদ্দিক)

মহাপরিচালক (অতিরিক্ত সচিব)

ফোন: ৯৬৭১২৩৪